

"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং- ধবিম/হ:শা:/৪-৩৩৩/২০১- ৩২

তারিখ: ০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে আমদা টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং- ৫৯৪), ৪৩, শহীদ সাংবাদিক সেলিনা পারভনি সড়ক, ঢাকা এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মো: আলমগীর কবীর বুলবুল নিম্নরূপ অভিযোগ দাখিল করা হয়েছে:

" ভালো খাবার ও ভালো হোটেলে রাখা প্রতিশ্রুতি দিয়েও তা রাখা হয়নি। প্রথম ১৩ দিন হারাম শরীফ হতে ৪ কি.মি. দূরে মারকাজুল নায়েব নামক স্থানে রাখা হয় এবং সেখানকার পরিবেশ অস্বাস্থ্যকর, নিম্নমানের এবং অপরিষ্কার ও কষ্টদায়ক। ২য় ১০ দিন মদিনায় রাওদা গোল্ডেন নামক স্থানে রাখা হয় যা হারাম শরীফ হতে ১.৫ কি. মি. এবং হোটেলের অবস্থা খুব নিম্নমানের এবং খাবারের মানও ভালো নয়;" এবং

০৪। যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ১২.০৯.২০২২ খ্রি. তারিখের ধবিম/হ:শা:/৪-৩৩৩/২০১৩-৩১০ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয় এবং আপনার জবাব সন্তোষজনক না হওয়ায়; এবং

০৫। যেহেতু উক্ত অভিযোগটি তদন্তের নিমিত্ত গত ০৮.১২.২০২২ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০১৭.২৭.০০১.২১.১৩৭৪ নং স্মারকমূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-২ এর নিকট প্রেরণ করা হয় এবং গত ১৮.১০.২০২২ ও ২৪.১১.২০২২ তারিখ কমিটির শুনানীতে হাজির হয়ে বক্তব্য পেশ করেন; এবং

০৬। যেহেতু তদন্ত কমিটি অভিযোগকারীর অভিযোগটি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেছে;

০৭। যেহেতু এ ধরনের অনিয়মের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৮। সেহেতু হজযাত্রীদের সাথে প্রতিশ্রুত সেবা প্রদান না করায় হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২(ট) অনুযায়ী "কোনো হজ বা ওমরাহযাত্রীকে চুক্তিবদ্ধ প্রয়োজনীয় সেবা প্রদান করিতে ব্যর্থতা" ও (ঠ) এর অধীন "কোন হজ বা ওমরাহযাত্রীকে হয়রানি বা ভোগান্তি" করেছেন ফলে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এর ধারা ১৩(২) এর (ক) অনুযায়ী আমদা টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং- ৫৯৪) কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা করা হলো। জরিমানাকৃত অর্থ আগামী ৩০ কার্যদিবসের মধ্যে সরকারের নির্ধারিত খাতে/কোডে ১-৩৫০১-০০০১-১৯০১ জমা দিয়ে চালানোর মূল কপি হজ অনুবিভাগে দাখিল করবেন। অন্যথায় উল্লিখিত ৩০ কার্যদিবসের পর আমদা টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং- ৫৯৪) এজেন্সির ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধ করার আদেশ দেয়া হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯

mail:morahajsection@gmail.com

জনাব সাক্বির হোসেন

স্বত্বাধিকারী, আমদা টুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং- ৫৯৪)

৪৩, শহীদ সাংবাদিক সেলিনা পারভনি সড়ক, ঢাকা।


D:\DBM\SALAM-2022\Proggapon Sasti-2023.doc

নং- ধবিম/হ:শা:/৪-৩৩৩/২০১-৩২

তারিখ: ০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সি এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব